

ম্যাজিক সকাল

স্নায়ুকোষে জমে শস্যপোড়ানো গান
গানের ভেতর মুখোশে লুকানো ফণা
হুইসেল্ দিলে ছুটে আসে কাক-চিল
চেটেপুটে খায় রঙের প্রতি কণা

অন্নের খোঁজে জীবন বালুকাময়
চাঁদ পুড়ে পুড়ে অঙ্গার শতকোণে
কাগজের সাদা লুটেপুটে খায় জল
অসুখের দাগ ছেয়ে যায় প্রাণ-মনে

ম্যাজিক সকাল একদিন ভোরবেলা
শু হল সেই ডুকরে উঠল ছুরি
যেভাবে কাঁদলে মুছে যায় সব ব্যথা
আকাশ ওড়াল স্বপ্ন দেখার ঘুড়ি

পৃথিবী জানল তণ কবির কথা
কীভাবে ফোটায় অল্পপাতার চোখ
কুয়াশার ঘরে ভরে গেল নীলতারা
মুছে গেল স্মৃতি, জীবনের সব শোক

ব্বিজিৎ রায়

